

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৩৭

আরবি মূল আয়াত:

أَسْبَابَ السَّمَوَاتِ فَأَطَّلَعَ إِلَى إِلَهِ مُوسَى وَإِنِّي لَأَظُنُّهُ كَاذِبًا ۖ وَكَذَلِكَ
زَيْنَ لِفِرْعَوْنَ سُوءَ عَمَلِهِ وَصُدَّ عَنِ السَّبِيلِ ۖ وَ مَا كَيْدُ فِرْعَوْنَ إِلَّا فِي
تَبَابٍ ﴿٣٧﴾

অনুবাদসমূহ:

‘আসমানে আরোহণের অবলম্বন, যাতে আমি মূসার ইলাহকে দেখতে পাই, আর আমি কেবল তাকে মিথ্যাবাদী মনে করি’। আর এভাবে ফির‘আউনের কাছে তার মন্দ কাজ শোভিত করে দেয়া হয়েছিল এবং তাকে বাধা দেয়া হয়েছিল সৎপথ থেকে। আর ফির‘আউনের ষড়যন্ত্র কেবল ব্যর্থই হয়েছিল। — আল-বায়ান

আকাশে উঠার উপায়, যাতে আমি মূসার ইলাহকে দেখতে পাই; আমি মূসাকে অবশ্যই মিথ্যাবাদী মনে করি। এভাবে ফেরাউনের জন্য তার মন্দ কাজকে সুশোভিত করা হয়েছিল আর সঠিক পথ থেকে তাকে বিরত রাখা হয়েছিল। ফেরাউনের অপকৌশল কেবল তার ধ্বংসই ডেকে এনেছিল। — তাইসিরুল

আসমানে আরোহণের অবলম্বন, যেন আমি দেখতে পাই মূসার মা'বুদকে; তবে আমি তো তাকে মিথ্যাবাদী মনে করি। এভাবেই ফির‘আউনের নিকট শোভনীয় করা হয়েছিল তার মন্দ কাজকে এবং তাকে নিবৃত্ত করা হয়েছিল সরল পথ হতে এবং ফির‘আউনের ষড়যন্ত্র ব্যর্থ হয়েছিল সম্পূর্ণ রূপে। — মুজিবুর রহমান

The ways into the heavens - so that I may look at the deity of Moses; but indeed, I think he is a liar." And thus was made attractive to Pharaoh the evil of his deed, and he was averted from the [right] way. And the plan of Pharaoh was not except in ruin. — Sahih International

৩৭. আসমানে আরোহণের অবলম্বন, যেন দেখতে পাই মূসার ইলাহকে; আর নিশ্চয় আমি তাকে মিথ্যাবাদী মনে করি। আর এভাবে ফিরআউনের কাছে শোভনীয় করা হয়েছিল তার মন্দ কাজকে এবং তাকে নিবৃত্ত করা হয়েছিল সরল পথ থেকে এবং ফিরআউনের ষড়যন্ত্র কেবল ব্যর্থই ছিল।

(৩৭) আকাশে আরোহণের অবলম্বন এবং মূসার উপাস্যকে দেখতে পাই;[1] আর আমি তো ওকে মিথ্যাবাদীই মনে করি।'[2] এভাবেই ফিরআউনের নিকট তার নিকৃষ্ট কাজকে সুশোভিত করা হয়েছিল[3] এবং সরল পথ হতে তাকে নিবৃত্ত করা হয়েছিল।[4] আর ফিরআউনের ষড়যন্ত্র ছিল সর্বনাশী।[5]

[1] অর্থাৎ, দেখব যে, আকাশে সত্যিকারে কোন উপাস্য আছে কি না?

[2] এ ব্যাপারে যে, আকাশে আল্লাহ আছেন, যিনি আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা ও তার পরিচালক। অথবা এ ব্যাপারে (মিথ্যাবাদী) যে, মুসা আল্লাহর প্রেরিত রসূল।

[3] অর্থাৎ, শয়তান এইভাবে তাকে ভ্রষ্ট করে রেখেছিল এবং তার মন্দ আমল তার কাছে ভাল মনে হত।

[4] অর্থাৎ, সত্য ও সঠিক পথ থেকে তাকে বিরত রাখা হয় এবং ভ্রষ্টতার গোলকধাঁধায় সে ঘুরপাক খেতে থাকে।

[5] تَبَابٌ ক্ষতি, ধ্বংস। অর্থাৎ, ফিরআউন যে ষড়যন্ত্রের পথ অবলম্বন করেছিল, তার পরিণাম তার জন্য ক্ষতিকর ও সর্বনাশীই ছিল। সুতরাং পরিশেষে তার সৈন্য-সামন্ত সহ তার সলিল-সমাধি হল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4170>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন